

## পুস্তক ব্যবসায়ীদের সমাবেশ নকল বই বিক্রেতাদের প্রতিরোধের আহ্বান

**বিজ্ঞান বাণী পরিবেশক**  
নকল পাঠ্যবই বিক্রেতাদের প্রতিরোধ ও প্রতিরোধ পুস্তক ব্যবসায়ীদের ওপর হামলাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেছেন পুস্তক প্রকাশক ও বিক্রেতারা। তারা অভিযোগ করেছেন, একশ্রেণীর অসামু্য ব্যক্তি দীর্ঘদিন ধরে 'পাঠ্যবই নকল করে বাংলাবাজার, প্যারিডাস রোডসহ বিভিন্ন জেলায় বিক্রি করছে। তারা বলেন, বিনামূল্যের পাঠ্যবইয়ের নকল কপি বিক্রেতাদের আর ছাড় দেয়া হবে না। কারণ অসামু্য ব্যবসায়ীরা দেশের ভবিষ্যৎ প্রজন্মকে মেধাহীন করতেই পাঠ্যবইয়ের নকল কপি ছেপে বিক্রি করছে। গতকাল সকালে রাজধানীর বাংলাবাজার চত্বরে আয়োজিত এক প্রতিবাদ সমাবেশে ব্যবসায়ী নেতারা এসব মন্তব্য করেন। মহানগর পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সভাপতি শ ম গোলাম কবিরের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সভাপতি আলমগীর সিকদার মোটন, সহসভাপতি কায়সার ই নকল : পৃষ্ঠা : ২ ক

**নকল : বই**  
(১৬ পৃষ্ঠার পর)  
আলম প্রধান, পরিচালক শ্যামল পাল ও সামছুল ইসলাম, লেকচার পাবলিকেশনের চেয়ারম্যান শহিদুল ইসলাম প্রমুখ।  
বাংলাবাজারের সর্বস্তরের ব্যবসায়ীরা প্রতিবাদ সমাবেশে অংশ নেন। তাদের সঙ্গে একাত্মতা প্রকাশ করে নকল বই বিক্রেতাদের যেকোন মূল্যে বাংলাবাজার থেকে উৎখাতের হুমকি দেন সূত্রাপুর বানার ওসি নজরুল ইসলাম। ব্যবসায়ীর ওপর হামলার প্রতিবাদের আজ বেলা ২টা পর্যন্ত বাংলাবাজারের সব পাঠ্যপুস্তকের দোকান বন্ধ রাখার ঘোষণা দিয়েছে ব্যবসায়ীরা।  
প্রসঙ্গত নকল বই বিক্রি করতে অপারমতা প্রকাশ করায় গত বুধবার রাতে শ্যামাধান পাবলিকেশনের মাসিক ডুক্কে কুপিয়ে মারাত্মক আহত করে নকল বই বিক্রির সিডিকিটের কয়েকজন সদস্য। এর প্রতিবাদেই সমাবেশ অনুষ্ঠিত হয়।  
ব্যবসায়ীর ওপর হামলাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করে আলমগীর সিকদার মোটন সমাবেশে বলেন, এখন থেকে আর কাউকে নকল বই বিক্রি করতে দেয়া হবে না। এরপরও কেউ তা করার চেষ্টা করলে সমিতির নেতৃত্বে তাদের উৎখাত করা হবে।  
সূত্রাপুর বানার ওসি নজরুল ইসলাম বলেন, বাংলাবাজার ও প্যারিডাস রোডের নকল বই বিক্রেতাদের আর ছাড় দেয়া হবে না।